মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন

“নারীর সম-অধিকার সম-সুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ” এই প্রতিপাদ্যে মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকালে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর এর আয়োজনে এই শোভাযাত্রা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর সহকারি কমিশনার ভূমি ও নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) নাজমুস সাদাত রত্ন এর নেতৃত্বে উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু হয়ে শোভাযাত্রাটি মুজিবনগর-মেহেরপুর প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় উপজেলা পরিষদে চত্তরে গিয়ে শেষ হয়। পরে উপজেলা পরিষদ অডিটরিয়ামে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজার সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের অফিস সহকারি নয়নতারা বিশ্বাসের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সহকারি কমিশনার ভূমি ও ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার নাজমুস সাদাত রত্ন।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, মুজিবনগর থানার ওসি (তদন্ত) আব্দুল আলিম, এস আই ইস্রাফিল। এ সময় পরিষদের কর্মকর্তা-কর্মচারী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী এবং নারীরা উপস্থিত ছিলেন।

জীবননগরে নানা আয়োজনে ৭ মার্চ উদযাপন

জীবননগরে নানা আয়োজনে ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

এর আগে সংগীত ও নৃত্য, বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ প্রতিযোগতা, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিষয়ক ছাড়া ও কবিতা আবৃত্তি এবং বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

পরে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈসা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান, জীবননগর থানার পরিদর্শক (তদন্ত) আবু সাঈদ, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা দীন ইসলাম প্রমূখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা একাডেমিক সুপারভাইজার সৈয়দ আব্দুল জব্বার।

ঝিনাইদহে ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন

নানা কর্মসূচীর মধ্য দিয়ে ঝিনাইদহে ঐতিহাসিক ৭ মার্চ পালিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ৯ টায় শহরের প্রেরণা একাত্তর চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। প্রথমে রাষ্টের পক্ষে জেলা প্রশাসন পরে পুলিশ বিভাগ, মুক্তিযোদ্ধা সংসদসহ বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে জাতির পিতাকে শ্রদ্ধা জানানো হয়। পরে জেলা শিল্পকলা একাডেমীতে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায়’র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন পুলিশ সুপার আজিম-উল আহসান, জেলা পরিষদের চেয়ারম্যান হারুন-অর রশীদ, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, মুক্তিযোদ্ধা কমান্ডার মসির উদ্দিনসহ

অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, বঙ্গবন্ধুর আদর্শ, তার জীবনের নানা দিক নিয়ে আলোচনা করেন। সেই সাথে বঙ্গবন্ধুর ৭ ই মার্চের ঐতিহাসিক ভাষনের পটভুমিকা তুলে ধরেন।

ঝিনাইদহে চারুগৃহ শিশুস্বর্গ স্কুলের ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন

ঝিনাইদহের ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান চারুগৃহ শিশুস্বর্গ স্কুলের আয়োজনে ঐতিহাসিক ৭ই মার্চ পালিত হয়েছে।

১৯৭১ সালের এইদিন রেসকোর্স ময়দান বাঙালির মুক্তির মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ডাক বঙ্গবন্ধুর ঐতিহাসিক সেই ভাষণের ৫৩ বছর পূর্তি উপলক্ষে ঝিনাইদহের চারুগৃহ শিশুস্বর্গ স্কুলে আয়োজন করা হয় “বঙ্গবন্ধুর সাজে বঙ্গবন্ধুর ভাষণ প্রতিযোগিতা।

এছাড়া প্রতিযোগিতার শুরুতে বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক আরেফিন অনু এই ভাষণের গুরুত্ব, তাৎপর্য,শব্দ চয়ন, ভাষা শৈলী, বচন মাধুর্যতা ও প্রেক্ষাপটসহ নানা দিক শিক্ষার্থীদের মধ্যে আলোচনার মাধ্যমে তুলে ধরেন।

পরে শিক্ষার্থীরা তাদের কন্ঠ বঙ্গবন্ধুর ভাষণ পাঠ করে। সেরা প্রতিযোগিদের মধ্যে পুরস্কার হিসেবে তুলে দেয়া হয় বঙ্গবন্ধুকে নিয়ে লেখা নানা রকম শিশুতোষ বই।বিজয়ীদের মধ্যে পুরস্কার তুলে দেন চারুগৃহ শিশুস্বর্গ স্কুলের প্রধান শিক্ষক আরেফিন অনু।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলে চারুগৃহ আর্ট স্কুলের প্রধান শিক্ষক গুণী চিত্রশিল্পী গোপাল বিশ্বাসসহ বিদ্যালয়ের সকল শিক্ষকবৃন্দ।

চারুগৃহ স্কুলের এমন ব্যতিক্রমী আয়োজন দেখে শিক্ষার্থীদের

অভিভাবকরা সন্তুষ্ট প্রকাশ করে জানান, তরুণ প্রজন্মের মধ্যে বঙ্গবন্ধুর আদর্শ ছড়িয়ে দিতে পারলে বঙ্গবন্ধু সম্পর্কে আরো বেশি জানতে পারবে শিশুরা।

ঝিনাইদহে স্কাউটস’র প্রতিষ্ঠাতা পাওয়েলের ১৬৭ তম জন্মবার্ষিকী উদযাপন

বাংলাদেশ স্কাউটস ঝিনাইদহ জেলা ও সদর উপজেলা শাখার ব্যবস্থাপনায় স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা লর্ড ব্যাডেন পাওয়েল এর ১৬৭ তম জন্ম বার্ষিকী উদযাপন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২২ ফেব্রুয়ারি) সকালে পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে এক বর্নাঢ্য র্যালি বের হয়ে স্কাউটস ভবনে গিয়ে শেষ হয়।

র্যালি ও সংক্ষিপ্ত সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা স্কাউটস এর সভাপতি এস এম রফিকুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার ও সদর উপজেলা স্কাউটস এর সভাপতি রাজিয়া আক্তার চৌধুরী, জেলা স্কাউটসের কমিশনার রমাঃ মহিউদ্দীন, সম্পাদক মুহাম্মদ আবু বকর ছিদ্দীক, সহকারী কমিশনার মুন্সী মোঃ আবু জাফর মোহাম্মদ আলী, জেলা রোভারের কমিশনার মোঃ ফিরোজ আল হাসান, সম্পাদক নাহিদ আক্তার সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩’শতাধীক কাব, স্কাউট ও রোভারগণ।

দামুড়হুদায় আন্তর্জাতিক

মাতৃভাষা দিবস উদযাপন

দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় দিনব্যাপী ভাষা শহীদদের স্মরণে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন করা হয়েছে।

দিবসটি উপলক্ষে আজ বুধবার দিনব্যাপি বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। এর মধ্যে প্রভাতফেরী র্যালি আলোচনা সভা পুরস্কার বিতরণী সংগীতানুষ্ঠান ও সকল শহিদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসনের আয়োজনে আজ সকালে প্রভাতফেরী র্যালী শেষে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে সহিদ মিনারে সরকারি প্রতিষ্ঠান সহ বিভিন্ন সংগঠন পুষ্পস্তবক অর্পণ করেন। পরে সংগীতানুষ্ঠান আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার কৃষিবীদ শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার ওসি তদন্ত মাহবুবুর রহমান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, সদর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ প্রমূখ।

দুপুরে ও বিকালে মসজিদ মন্দির সহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে নিরাপদ খাদ্য দিবস উদযাপন

স্বাস্থ্য, পুষ্টি ও সমৃদ্ধি চাই নিরাপদ খাদ্যের বিকল্প নাই” এ প্রতিপাদ্যে মেহেরপুর গাংনীতে জাতীয় নিরাপদ খাদ্য দিবস ২০২৪

উদযাপিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে আজ মঙ্গলবার বিকেলে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির প্রধান কার্যালয়ে রচনা, কুইজ ও চিত্রাঙ্কন প্রতিযোগীতা এবং আলোচনা সভার আয়োজন করে পিএসকেএস।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা। বিশেষ অতিথি ছিলেন, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ ইমরান হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা ইশরাত জাহান।

আলোচনা শেষে রচনা, কুইজ ও চিত্রাঙ্কন প্রতিযোগীতায় অংশ গ্রহন করে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও বিআর লাইসিয়াম স্কুলের শিক্ষার্থীরা। এসময় বিজয়ীদের হাতে পুরুস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

পিএসকেএস এর কৃষি ইউনিটের সহযোগীতায় নিরাপদ খাদ্য দিবসের অনুষ্ঠানে পিএসকেএস এর কৃষি অফিসার মাসুদ রানাসহ অন্যান্য কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় বাংলা ইশারা ভাষা দিবস উদযাপন

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. এহেতেশাম রেজা বলেছেন, বাংলা ইশারা ভাষা শ্রবণ প্রতিবন্ধী মানুষদের মৌলিক ভাষা।

তিনি বলেন, বাংলা ইশারা ভাষার গবেষণার জন্য এবং ইশারা ভাষা যেন সব শ্রবণ ও বাক প্রতিবন্ধীরা সহজেই পড়ে জানতে পারে তার জন্য বই প্রকাশ করে এবং তাদের শিখানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

আজ বুধবার সকালে কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ে বাংলা ইশারা ভাষা দিবস উদযাপন ২০২৪ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, ভাষা ব্যবহাররের বিবেচনায় বাংলা ইশারা ভাষা দেশের ২য় বৃহত্তম ভাষা। বাংলা ইশারা ভাষা শ্রবণ প্রতিবন্ধী মানুষদের মৌলিক ভাষা। ভাষাভিত্তিক প্রতিবন্ধিকতাই শ্রবণ প্রতিবন্ধী

মানুষদের একমাত্র প্রতিবন্ধকতা। তাই শ্রবণ প্রতিবন্ধী মানুষদের অধিকার ও মর্যাদা পূর্ণ জীবন নিশ্চিত করার জন্য বাংলা ইশারা ভাষার প্রচার ও বিকাশ সবচেয়ে গুরুত্বপূর্ণ। সমাজের বিভিন্ন ধরণের প্রতিবন্ধী রয়েছে। তাদের বাদ দিয়ে দেশের উন্নয়ন সম্ভব নয়। তাই দেশের উন্নয়নে তাদেরকে সম্পৃক্ত করতে হবে।

জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আবদুল কাদেরের সভাপতিত্ব এসময় বক্তব্য রাখেন, জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ মুরাদ হোসেন, শহর সমাজসেবা অফিসার জহিরুল ইসলাম, সদর উপজেলা সমাজসেবা অফিসার মোঃ আবু রায়হান, প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা মোঃ শামীম রেজা, মুক ও বধির সংগঠনের সাধারন সম্পাদক আব্দুর রহমান সুমন, রতনা-হিরা-পারভেজ প্রতিবন্ধী বিদ্যালয়ের সভাপতি অধ্যাপক শফিকুল ইসলাম প্রমুখ।

এরআগে “বাংলা ইশারা ভাষার প্রসার করি, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলি” প্রতিপাদ্যকে সামনে রেখে কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

উলেখ্য, ২০০৯ সালের অক্টোবর থেকে এসডিএসএলের নেতৃত্বে বিভিন্ন জেলার প্রায় ৩০ টির বেশি শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠনসমূহ এই দিবস রাষ্ট্রীয়ভাবে পালনের জন্য সরকারের কাছে দাবি জানিয়ে আসছিল। প্রতিবন্ধীদের দাবির প্রেক্ষিতে গত ২৬ জানুয়ারি ২০১২, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত এক আন্ত:মন্ত্রণালয় সভায় ৭ ফেব্রুয়ারি বাংলা ইশারা ভাষা দিবস হিসেবে রাষ্ট্রীয়ভাবে উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

দামুড়হুদায় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপন

দামুড়হুদায় বর্ণিল আলোকসজ্জা ও বিভিন্ন আয়োজনে দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে মহান বিজয় দিবস উদযাপিত হয়েছে।

আজ শনিবার সকাল ৬ টা ৩০ মিনিটে ৩১ বার তোপধ্বনীর মধ্য দিযে দামুড়হুদা উপজেলা পরিষদের বঙ্গবন্ধু চত্ত্বরে উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, উপজেলা আওয়ামী লীগের অঙ্গ ও সহযোগী সংগঠন, পুলিশ, আনসার, ফায়ার সার্ভিস সহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, প্রেস ক্লাব, সাংস্কৃতিক, ক্রীড়া সংগঠনের পক্ষ হতে পুষ্পস্তবক অর্পণ এর মাধ্যমে জাতির সূর্য সন্তানদের শ্রদ্ধা নিবেদন করা হয়।

৮ টায় উপজেলার আটকবর স্মৃতিসৌধে পুষ্পস্তাবক অর্পণ করেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু ও দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবির, দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহসহ উপজেলার সকল অফিসার ও কর্মচারীবৃন্দ।

তারপর সকাল সাড়ে ৯ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় বর্ণাঢ্য মার্চপাস্ট,শিশু কিশোর সমাবেশ,কুচকাওয়াজ, মুক্তিযোদ্ধা সংবর্ধনা, ক্রীড়া প্রতিযোগিতা, এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান। এইসময় শান্তির কপোত পায়রা এবং বেলুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়।

পুলিশ, আনসার, ও গার্লস গাইড সহ উপজেলার বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা এই কুচকাওয়াজে অংশ নেন।

দামুড়হুদা উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু ও উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, দর্শনা ও দামুড়হুদা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহ, আলমগীর কবিরসহ কুচকাওয়াজ পরিদর্শন করেন এবং সালাম গ্রহণ করেন। এই সময় সাংবাদিক, মুক্তিযোদ্ধা, সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, শিক্ষক শিক্ষার্থী সহ সর্বস্তরের জনগন উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলা আওয়ামীলীগের বিজয় দিবস উদযাপন

গাংনী উপজেলা আওয়ামীলীগের উদ্যোগে বিজয় দিবস উদযাপন উপলক্ষে নানা কর্মসুচী পালিত হয়েছে। আজ শনিবার(১৬ ডিসেম্বর) সকাল ৮টার সময় গাংনী বাজার বাসস্ট্যান্ডের শহীদ রেজাউল চত্বরে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলনের মাধ্য দিয়ে কর্মসুচির শুরু করে উপজেলা আওয়ামীলীগ।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মো‏হাম্মদ সাহিদুজ্জামান খোকনের নেতৃত্বে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন শেষে একটি বিশাল বিজয় র্যালী শহীদ রেজাউল চত্বর থেকে বের হয়ে শহরের গুরুত্বপুর্ণ সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে শহীদদেও স্মরনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন ও সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলসহ অনেকে।

এসময় গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলসহ যুবলীগ,ছাত্রলীগ,কৃষকলীগসহ অংগ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।